ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৮১

কাঞ্চনপুর,৮ সেপ্টেম্বর,২০২৫

# শারদোৎসব : কাঞ্চনপুরে প্রস্তুতি সভা

আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে আজ কাঞ্চনপুর ডাকবাংলোতে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মহকুমা পুলিশ আধিকারিক আশিস কুমার ঠাকুর, দশদা ব্লকের বিডিও অমপুইয়া ডার্লং, লালজুরি ব্লকের বিডিও ময়ুখ দত্ত মজুমদার, মহকুমার ডি.সি.এম.গণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভায় মহকুমা শাসক দুর্গাপূজার আয়োজন করার জন্য সরকারি নিয়মনীতি মেনে চলার উপর গুরুত্বারোপ করেন। সভায় মহকুমা পুলিশ আধিকারিক বলেন, পূজা কমিটিকে আরক্ষা, অগ্নি নির্বাপণ ও বিদ্যুৎ দপ্তরের আগাম অনুমতি নিতে হবে। পাশাপাশি তিনি পূজা কমিটিকে নির্ধারিত সময়ের মধ্যে চাঁদা সংগ্রহ করতে আহ্বান জানান।

*****